

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৯৮১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজাযিয ও যে সব কাজ করা জাযিয

بَابُ مَا لَا يَجُوزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْخَصْرِ فِي الصَّلَاةِ

বাংলা

৯৮১-[৪] আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে কোমর বা কাঁধে হাত রেখে ক্রিয়াম (কিয়াম) করতে নিষেধ করেছেন। (বুখারী, মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ১২১৯, মুসলিম ৫৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: الْخَصْرُ এর অর্থ الْاِخْتِصَارُ অর্থাৎ কোমরে হাত স্থাপন করা। যদিও এ শব্দের দ্বারা কি উদ্দেশ্য সে বিষয়ে ‘আলিমগণের মধ্যে মতভেদ রয়েছে, তথাপি ইমাম নাবাবী বলেনঃ উপরে বর্ণিত অর্থটিই সঠিক। আল্লামা ইরাকীও তাই বলেছেন।

সালাতরত অবস্থায় কোমরে হাত স্থাপন করা হারাম। আহলে যাহিরদের অভিমত এটাই। ইবনু ‘উমার (রাঃ), ইবনু ‘আব্বাস (রাঃ), ‘আয়িশাহ্ (রাঃ), ইমাম মালিক, ইমাম শাফি‘ঈ, ইমাম আবু হানীফাহ্, ইমাম আওযা‘ঈ ও অন্যান্যদের মতে সালাতরত অবস্থায় কোমরে হাত স্থাপন করা মাকরুহ। তবে আহলে যাহিরগণ যা বলেছেন তাই সঠিক। কেননা এমন কোন দলীল পাওয়া যায় না যা দ্বারা হাদীসের প্রকাশ্য অর্থকে বাধাগ্রস্ত করে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55540>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন